তারিখ ...
পৃষ্ঠা ৭০ ... কলাম ৭ ...

ভোরের কাগজ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মশালায় ভিসি দুর্গাদাস ভট্টাচার্য

# এখন থেকে ফল প্রকাশের পরপরই ডিগ্রি উত্তীর্ণদের সনদ দিয়ে দেওয়া হবে

কাগজ প্রতিবেদক : জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক দুর্গাদাস ভট্টাচার্য বলেন, বর্তমান সরকার দেশের শিক্ষা ব্যবস্থাকে বিশ্বমানে উন্নীত করার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করেছে। এ সরকারের আমলে শিক্ষার উন্নয়নে বাজেটের সিংহভাগ বরাদ্দ দেওয়া হয়েছে।

গত শুক্রবার 'জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম এবং শিক্ষার মান উন্নয়ন' শীর্ষক তৃতীয় কর্মশালায় বক্তব্য প্রদানকালে তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সবগুলো কলেজকে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য সকলের সহযোগিতা দরকার। পরীক্ষার সকল পর্যায়ে নকল প্রতিরোধে বর্তমান সরকার সবচেয়ে বেশি গুরুত্ব আরোপ করেছে। এখন থেকে ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের সুবিধার স্বার্থে ডিগ্রি পরীক্ষার ফলাফল প্রকাশের পর পরই ডিগ্রিপ্রাপ্তদের সার্টিফিকেট সংশ্লিষ্ট কলেজগুলোতে পৌঁছে দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে।

কর্মশালায় আরো বক্তব্য রাখেন ঢাকা কলেজের অধ্যক্ষ ড. এ টি এম শরিফুল্লাহ, ইডেন কলেজের অধ্যক্ষ রওশন আরা হানিফ, তিতুমীর কলেজের অধ্যক্ষ ইউনুস আলী দেওয়ান, শেখ বোরহান উদ্দীন কলেজের অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ প্রমুখ।